# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) বাংলাদেশের বর্তমান পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে ভারত-বাংলাদেশ সীমান্ত পর্যবেক্ষণের জন্য কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের একটি উচ্চ পর্যায়ের সমিতি গঠন ।

২) আসাম ও মিজোরামের মধ্যে দীর্ঘদিনের সীমা সমস্যা সমাধানের জন্য আজ আইজলে উভয় রাজ্যের মধ্যে মন্ত্রী পর্যায়ের বৈঠক ।

৩) আজ থেকে ১৫ আগস্ট পর্যন্ত দেশজুড়ে হর ঘর তিরঙ্গা অভিযান ।

এবং

৪) সামাজিক মাধ্যমে আপত্তিকর মন্তব্য করা এবং দেশবিরোধী কার্যকলাপে জড়িত সন্দেহে লালা রুরেল কলেজের এক ছাত্র গ্রেপ্তার ।

-----------------------------------------------------------------------

বাংলাদেশের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারত-বাংলাদেশ সীমান্ত পর্যবেক্ষণের জন্য কেন্দ্রীয় সরকারের সরাষ্ট্র মন্ত্রণালয় একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করে দিয়েছে । এই কমিটি বাংলাদেশে থাকা ভারতীয় নাগরিক এবং সেদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের

লোকেদের সুরক্ষার দিকটির প্রতি লক্ষ্য রেখে বাংলাদেশ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ বজায় রাখবে । সীমান্ত সুরক্ষা বাহিনী (বি এস এফ)এর ইস্টার্ন কমান্ডের অতিরিক্ত সঞ্চালক প্রধানকে এই কমিটির অধ্যক্ষের দায়িত্ব দেওয়া হয়েছে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের সীমান্ত ব্যবস্থাপনা বিভাগের গঠন করে দেওয়া এই কমিটির অন্য চার সদস্য হিসেবে বি এস এফ'এর দক্ষিণ বঙ্গ সীমান্ত মুখ্য কার্যালয়ের মহাপরিদর্শক, সীমান্ত নিরাপত্তা বাহিনীর ত্রিপুরা মুখ্য কার্যালয়ের মহাপরিদর্শক, স্থল বন্দর কর্তৃপক্ষের উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের সদস্য এবং এই বিভাগের সচিবকেও রাখা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

নোবেল পুরস্কার প্রাপক মহম্মদ ইউনুস বাংলাদেশের অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধান হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাষ্ট্রপতি মহম্মদ সাহাবুদ্দিন গতরাতে ঢাকার বঙ্গভবনে তাঁকে শপথবাক্য পাঠ করান । এই অনুষ্ঠানে বিভিন্ন দেশের কূটনীতিবিদরা উপস্থিত ছিলেন । ১৯৪০ সালের ২৮শে জুন জন্মগ্রহণ করা মহম্মদ ইউনুস বাংলাদেশের একজন খ্যাতনামা উদ্যমী এবং অর্থনীতিবিদ । গ্রামীণ ব্যাংকের প্রতিসঠা এবং ক্ষুদ্র ঋণ ও আর্থিক যোগানের ভাবনাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ২০০৬ সালে তাঁকে শান্তির নোবেল পুরস্কারে সম্মানিত করা হয়েছিল ।

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশে নতুন দায়িত্ব গ্রহণ করার জন্য মহম্মদ ইউনুসকে অভিনন্দন জানিয়েছেন । শ্রী মোদী সামাজিক মাধ্যম যোগে বাংলাদেশে হিন্দু এবং অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের সুরক্ষা সুনিশ্চিত করে শীঘ্র সেদেশে স্বাভাবিক অবস্থা ফিরে আসবে বলে আশা প্রকাশ করেছেন । তিনি বলেন যে- শান্তি, নিরাপত্তা ও উন্নয়নের জন্যে উভয় দেশের জনসাধারণের যৌথ আশা আকাঙ্খা পূরণ করার লক্ষ্যে বাংলাদেশের সঙ্গে কাজ করে যেতে ভারত বদ্ধপরিকর ।

---------------------------------------------------------------------------------

এদিকে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের অশান্ত পরিস্থিতি এবং ভারতের সীমা সুরক্ষা সম্পর্কে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেছেন যে- কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত সম্প্রতি বন্ধ করে রাখা হয়েছে । মুখ্যমন্ত্রী গতকাল সংবাদ মাধ্যমের কাছে এই বিষয়ে জানিয়ে বলেন যে- কেবলমাত্র পাসপোর্ট থাকা শিক্ষার্থীরাই বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করতে পারবে । পাসপোর্ট ছাড়া কোনো লোককে বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করতে দেওয়া হবেনা বলে তিনি স্পষ্ট করে দিয়েছেন ।

এদিকে আসাম পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং বলেছেন যে- আসাম পুলিশ বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি পর্যালোচনা করে চলেছে । এর অংশ হিসেবে সীমান্তে

নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হয়েছে এবং সীমান্ত সুরক্ষা বাহিনীও সক্রিয় রয়েছে বলে তিনি উল্লেখ করেন । এছাড়া বাংলাদেশ থেকে যাতে কোনো লোক অবৈধভাবে ভারতে প্রবেশ করতে না পারে, তারজন্য আসাম পুলিশ দৃষ্টি রেখে চলেছে বলে জানিয়ে শ্রী সিং বলেন যে- কাছাড়, করিমগঞ্জ, দক্ষিণ শালমারা, মানকাচর ইত্যাদি সীমান্তবর্তী জেলার পুলিশ সুপারদের আরো বেশি সক্রিয় হবার নির্দেশ দেওয়া হয়েছে । পুলিশের সঞ্চালক প্রধান যেকোনোধরণের নাশকতামূলক কাজকর্ম রোধ করতে নিরাপত্তারক্ষীদের প্রস্তুত থাকার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

আসাম ও মিজোরামের মধ্যে দীর্ঘদিনের সীমা সমস্যা সমাধানের জন্য আজ উভয় রাজ্যের মধ্যে মন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হচ্ছে । ইতিমধ্যে রাজ্যে উপস্থিত আসামের সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন মন্ত্রী অতুল বরার নেতৃত্বে প্রতিনিধি দলটিকে আইজল বিমান বন্দরে মিজোরামের গৃহ সচিব স্বাগত জানান । রাজ্যের গৃহ বিভাগ সূত্রে জানানো হয়েছে যে আইজলের রাজ্য অতিথিশালায় এই বৈঠক অনুষ্ঠিত হচ্ছে । আসামের মন্ত্রী দলটিকে অতুল বরা নেতৃত্ব দিচ্ছেন এবং মিজোরামের দলটিকে ওই রাজ্যের গৃহ মন্ত্রী কে সাপডাঙ্গা নেতৃত্ব দিচ্ছেন । উভয় রাজ্যের মন্ত্রীরা এ সম্পর্কে একটি সাংবাদিক সম্মেলনে সম্বোধন করবেন । উল্লেখ্য মূখ্যমন্ত্রী লালডোমহা নেতৃত্বাধীন জোরাম পিপলস মুভমেন্ট দল শাসনে আসার পর এটি উভয় রাজ্যের প্রথম সীমা সম্পর্কীত বৈঠক হিসেবে পরিগণিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন অর্থ নিগম লিমিটেডের ২৯ তম প্রতিষ্ঠা দিবস আজ শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে পালন করা হয় । প্রতিষ্ঠা দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করে মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা নেডফি ক্ষুদ্র ঋণ প্রকল্পের মাধ্যমে উত্তর-পূর্বের ১০ হাজার হিতাধিকারীর মোট ১২৫ কোটি টাকার ঋন প্রদানের জন্য প্রস্তুত করা একটি মোবাইল অ্যাপের আনুষ্ঠানিক সূচনা করেন । একই অনুষ্ঠানে রাজ্যের কৃষি ও শিল্পক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য সর্বেশ্বর বসুমাতারী এবং মুক্তামণি দেবীকে সম্বর্ধনা জানানো হয় ।

---------------------------------------------------------------------------------------

নাগরিকদের হৃদয়ে দেশপ্রেম জাগিয়ে তোলার উদ্দেশ্যে আজ থেকে আগামী ১৫ ই আগস্ট পর্যন্ত দেশজুড়ে ‘হর ঘর তিরঙ্গা’ অভিযান চালানো হচ্ছে । নতুনদিল্লিতে গতকাল সংবাদ মাধ্যমের সামনে কেন্দ্রীয় সাংস্কৃতিক পরিক্রমা ও পর্যটন দপ্তরের মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত প্রত্যেক ভারতীয়ের জন্যে গর্ব এবং স্বাভিমানের প্রতীক জাতীয়

পতাকা উত্তোলন করে একটি করে সেলফি ‘হর ঘর তিরঙ্গা’ ওয়েবসাইটে আপলোড করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে-স্বাধীনতার অমৃত মহোৎসবের সঙ্গে সঙ্গতি রেখে ২০২২ সালে ‘হর ঘর তিরঙ্গা’ আরম্ভ করা হয়েছিল । তিনি বলেন যে- গতবছর দশ কোটিরও বেশি লোক জাতীয় পতাকার সেলফি আপলোড করেছে । এইবার ‘হর ঘর তিরঙ্গা’ অভিযানের সময়ে দুশো’রও বেশি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে শ্রী শেখাওয়াত জানিয়েছেন । তিনি বলেন যে- আগামী ১৩ই আগস্ট সাংসদ ও মন্ত্রীগণ তিরঙ্গা বাইক র‍্যালিতে অংশগ্রহণ করবেন ।

এদিকে দেশব্যাপী চালানো অভিযান ‘হর ঘর তিরঙ্গা’র অংশ হিসেবে ভারতীয় জনতা পার্টি আগামী ১১ই আগস্ট থেকে ১৩ই আগস্ট পর্যন্ত প্রতিটি বিধানসভা কেন্দ্রে তিরঙ্গা যাত্রা কার্যসূচীর আয়োজন করবে । বিজেপি’র কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক তরুণ সুঘে এক বিবৃতিতে জানিয়েছেন যে- আগামী ১২ই আগস্ট থেকে ১৪ই আগস্ট পর্যন্ত দেশজুড়ে স্বাধীনতা সংগ্রামীদের প্রতিমূর্তি এবং স্মৃতিসৌধগুলিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হবে । তিনি বলেন যে- আগামী ১৪ই আগস্ট দেশের প্রতিটি জেলায় মৌন মিছিল বের করে দেশভাগ স্মরণ দিবস পালন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণকারীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে এই আন্দোলন ভারতের স্বাধীনতা সংগ্রামের একটি গুরুত্বপূর্ণ মূহুর্ত বলে চিহ্নিত করেছেন । একটি সামাজিক মাধ্যমে একটি পোস্টে তিনি ভারতের ইতিহাসে এই আন্দোলনের তাৎপর্য নিয়ে আলোকপাত করেন । আসন্ন স্বাধীনতা দিবসের পূর্বে প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে ত্রিবর্ণ রঞ্জিত পতাকাকে তাঁর প্রোফাইল ছবি হিসেবে আপলোড করে জনসাধারণকে হর ঘর তিরঙ্গা অভিযানে অংশগ্রহণের জন্য উৎসাহিত করেন । তিনি জাতীয় পতাকাকে নিজেদের প্রোফাইল ছবি হিসেবে আপডেট করে এবং হর ঘর তিরংগা ওয়েবসাইটে নিজেদের নিজস্বী ছবি শেয়ার করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায়ও আজ যথাযোগ্য মর্যাদায় ভারত ছাড়ো দিবস পালন করা হয়েছে ।

করিমগঞ্জ জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে আজ এই দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে কংগ্রেস কর্মীদের পক্ষ থেকে একটি শোভাযাত্রা শহর পরিক্রমা করে এবং পরে মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান করা হয় । এরপর জেলা কংগ্রেস

সভাপতি রজত চক্রবর্তী  ভারত ছাড়ো আন্দোলনের প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------

আরুণোদয় প্রকল্পের হিতাধিকারীরা চলতি মাসে ১০ আগস্টের পরিবর্তে ১২ আগস্ট প্রকল্পের অর্থ লাভ করবেন ।১০ ও ১১ আগস্ট সরকারী বন্ধ থাকার জন্য অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীরা এমাসে প্রাপ্য এক হাজার ২৫০ টাকা ১২ আগস্ট অর্থাৎ আগামী সোমবার লাভ করবেন ।রাজ্যসরকারের গৃহ বিভাগ আজ এক প্রেস বিবৃতির মাধ্যমে একথা জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ লালা রুরেল কলেজের এক ছাত্রকে সামাজিক মাধ্যমে আপত্তিকর মন্তব্য করা এবং দেশ বিরোধী কার্য্যকলাপে জড়িত থাকার সন্দেহে গতকাল রাতে গ্রেপ্তার করেছে । হাইলাকান্দির অতিরিক্ত পুলিশ সুপার সমীর দপ্তর বরুয়া আজ হাইলাকান্দিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে 'আমাদের হাইলাকান্দি' নামের একটি ফেসবুক গ্রুপে লালা চন্দ্রপুর গ্রামের বাসিন্দা এবং লালা রুরেল কলেজের এক ছাত্র নিজেকে আল কায়দার সর্মথক বলে ঘোষনা করেছে । এছাড়া বাংলাদেশের পর এবার ভারত তথা আসামে হিংসাত্মক কার্য্যকলাপ সংগঠিত করা হবে বলে এই যুবকটি দাবী করেছে । অতিরিক্ত পুলিশ সুপার শ্রী বরুয়া আরো জানান যে- পুলিশ আটক যুবকটির সঙ্গে যোগাযোগ রাখা অন্য একজন ব্যাক্তির সন্ধানে রয়েছে । এছাড়া পুলিশ 'আমাদের হাইলাকান্দি' গ্রুপের অন্যান্য সদস্যদেরও জিজ্ঞাসাবাদ করছে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী উজ্বলা যোজনার অধীনে মোহনখাল সুরোজ এইচ পি গ্যাস গ্রামীন বিতরকের মাধ্যমে আজ মণিয়ারখাল গ্রাম পঞ্চায়েত এলাকার ৭৭ জন মহিলার মধ্যে রান্নার গ্যাসের সংযোগ সহ গ্যাসের বই , সিলিন্ডার , রেগুলেটার ও পাইপ বিতরন করা হয়েছে । মণিয়ারখাল বানীশক্তি ক্লাব প্রাঙ্গনে এক অনুষ্ঠানের মাধ্যমে এইসব সামগ্রী তুলে দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার পাঁচগ্রাম অঞ্চলে বরাক নদীর ভাঙন বেশ বড় আকার ধারন করেছে বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন । এই ভাঙনের ফলে পাঁচগ্রাম অঞ্চলের ঘর-বাড়ী সহ বহু হেক্টর কৃষি জমি নদীর বুকে তলিয়ে গেছে বলে তিনি জানান । বিগত বন্যার পরবর্তীতে পাঁচগ্রাম পুরনো বাজার এলাকার প্রায় সাতশ

মিটার স্থান ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে আকাশবানীর সংবাদদাতা উল্লেখ করেছেন । এই অঞ্চলের সরকারী বিদ্যালয়কেও ইতিমধ্যে অন্যত্র সরিয়ে নেওয়া হয়েছে । স্থানীয় জনগন এই বিষয়ে সরকারের দৃষ্টি আর্কষন করেছেন বলে তিনি জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে আজ ভারত ছাড়ো দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে কংগ্রেস কর্মীদের পক্ষ থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে এবং মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান করা হয় । পরে জেলা কংগ্রেস সভাপতি রজত চক্রবর্তী ভারত ছাড়ো আন্দোলনের প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করেন ।

-----------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় বাম ডেভেলপমেন্ট ক্লাব ৬-১ গোলের ব্যবধানে বাঘখাল এফ সি দলকে পরাজিত করেছে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় মথুরাপুর এফ সি এম এইচ সি ক্লাবের বিরুদ্ধে খেলবে ।

-----------------------------------------------------------------------------------